

স্যান্দন পত্রিকা

The largest circulated Daily of Tripura

০০০ ● ৪১ বর্ষ ● ১৯৬ সংখ্যা ● আগরতলা ● মঙ্গলবার ● ১০ই মার্চ, ১৯৮৭ ● 25th January 2011 ● ই-মেইল : syandan@patrikaindia.com ● ৫

হিন্দু মোটরস'র নতুন কারখানার উদ্বোধন

স্যান্দন প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।। কুড়ি বছর আগে একটা ছোট কুঁড়িকে যৌবনে পরিণত করেছেন বলে হিন্দুস্থান মোটরস লিমিটেডের অনুমোদিত ডিলার হিন্দু মোটরস'র কর্ণধার অভিজিত রায় চৌধুরী জানিয়েছেন। হিন্দুস্থান মোটরস লিমিটেডের অনুমোদিত ডিলার হিসাবে স্বীকৃতি পাওয়ার বিষয়টিকে কেন্দ্র করে আজ হিন্দু মোটরস'র কার্যালয়ে এক অনাড়ম্বর অনুষ্ঠানে স্বাগত ভাষণে অভিজিত রায় চৌধুরী আরও বলেন, শ্রমিকদের অসাধারণ অধ্যাবসায়ের জন্যই আজ তিনি এখানে পৌঁছেছেন। তিনি শ্রমিকদের অভিযান জানান এবং ঘরে ঘরে পরিষেবা পৌঁছে দেওয়ার বিষয়ে প্রতিশ্রুতি দেন।

নব নির্মিত কারখানার উদ্বোধন করে বিধায়ক পবিত্র কর বলেন, পরিবহণ ক্ষেত্রে রাজ্যে বিরাট সংখ্যক মানুষের কর্মসংস্থান হয়েছে। রাজ্যে কৃষিক্ষেত্র এবং কর্মচারীদের পরই পরিবহণ শিল্পক্ষেত্রে কর্মসংস্থান হয়েছে। হিন্দু মোটরস'র নির্মাণ কারখানায় রাজ্যের বেকার মেকানিক্যাল ইঞ্জিনিয়ারদের প্রশিক্ষণের সুযোগ করে দেওয়ার বিষয়ে তিনি আগ্রহ প্রকাশ করেন। অন্যদের মধ্যে হিন্দুস্থান মোটরস জোনাল ম্যানেজার উৎপল মজুমদার এবং কানাড়া ব্যাংকের চিফ রাঞ্চ ম্যানেজার ডি কে প্রসাদ হিন্দু মোটরস'র ব্যবসায়িক প্রগতির ভূয়সী প্রশংসা করেন এবং আগামী দিনে এর স্বীকৃতি কামনা করেন। উদ্বোধন করার পর হিন্দুস্থান মোটরস'র জোনাল ম্যানেজার উৎপল মজুমদার কোম্পানীর বিশাল কর্মকাণ্ডের প্রেক্ষাপট তুলে ধরেন।